

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৮৩(আগরতলা, ১৭।৭)
খোয়াই, ১৭ জুলাই, ২০১৭

খোয়াই : ১০০ স্কুলে যোগা মেট্রেস প্রদান

খোয়াই টাউন হলে সম্প্রতি আয়োজিত এক অনুষ্ঠানের মধ্য দিয়ে জেলার ৬টি ব্লক এলাকায় ১০০টি বিদ্যালয়ে ২০০টি যোগা মেট্রেস প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক বিশ্বজিৎ দত্ত। তিনি বলেন, সুস্থ শরীর ও মন গঠনের জন্য পড়াশোনার পাশাপাশি খেলাধুলা করাও প্রয়োজন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জিলা পরিষদের সহকারী সভাপতি বিদ্যুৎ ভট্টাচার্য। সভাপতিত্ব করেন জিলা পরিষদের সভাপতি সাইনী সরকার। স্বাগত বক্তব্য রাখেন জেলা যুব বিষয়ক ও ক্রীড়া আধিকারিক দেবাশিস ভট্টাচার্য। খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন শুল্লা সেনগুপ্ত, খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান কৃষ্ণ শুল্লাদাস প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।
